

পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

তমলুক : পূর্ব মেদিনীপুর

স্মারক নং ২৮৮/বন ও ভূমি

তারিখ ২৫.১০.১৭.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যায় যে, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ নিয়ন্ত্রনধীন তমলুক জেলা হাসপাতাল মোড়ে যে ৪২ টি স্টল রয়েছে তাঁর দ্বিতীয় তলে (First Floor) এ ৪২ (বিয়াল্লিশ) টি স্টল ব্যবসা বানিজ্যের উদ্দেশ্যে ব্যবহার করার জন্য পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ কার্যালয়ের সভাকক্ষে জেলা পরিষদ কর্তৃপক্ষের উপস্থিতিতে ২৫ (পঁচিশ) বছর সময় মেয়াদে ইজারা বিলির জন্য লটারী করা হবে। উক্ত স্টল গুলি ইজারা নিতে ইচ্ছুক বা লটারীতে অংশগ্রহন করতে ইচ্ছুক সর্বসাধারণ বিজ্ঞপ্তিতে উল্লিখিত দিন ও সময়ে জেলা পরিষদের বন ও ভূমি দপ্তর থেকে আবেদন পত্র সংগ্রহ করবেন ও পূরণ করা আবেদন পত্র উল্লিখিত সময়ের মধ্যে জমা দেবেন। যে সকল নিয়মে লটারী করা হবে তা সংক্ষেপে নিম্নে প্রদত্ত হল :

১. আগামী ২১.১১.২০১৭ তারিখ, মঙ্গলবার দুপুর ১২ টায় জেলা পরিষদ সভাকক্ষে জেলা পরিষদ কর্তৃপক্ষের উপস্থিতিতে সঠিকভাবে পূরণ করে আবেদনপত্র জমা দিয়েছেন কেবলমাত্র এরূপ আবেদনকারীদের মধ্যে লটারী সংগঠিত করা হবে।
২. আগামী ০১.১১.২০১৭ তারিখ থেকে ১৬.১১.২০১৭ তারিখ পর্যন্ত অফিসের দিনগুলিতে সকাল ১১ টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত জেলা পরিষদের বন ও ভূমি দপ্তর থেকে ১০০০ (এক হাজার) টাকার বিনিময়ে এক একটি আবেদন পত্র তুলবেন ও পূরণ করা আবেদন পত্র জমা দেবেন। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৬.১১.২০১৭ বিকেল ৩ টা পর্যন্ত।
৩. একজন ব্যক্তি একাধিক স্টলের জন্য পৃথক পৃথক ভাবে আবেদন করতে পারবেন।
৪. বন্টনযোগ্য স্টল গুলির ক্রমিক নং হল ৪৩ নং থেকে ৮৪ নং পর্যন্ত এবং প্রত্যেকটি স্টলের আয়তন ১৩ ফুট X ১০ ফুট = ১৩০ বর্গফুট এবং সবকটিই দোতালার।
৫. লটারীতে স্টল প্রাপ্ত হলে সঙ্গে সঙ্গে জেলা পরিষদের নিজস্ব তহবিলে প্রাপ্ত স্টলের সেলামী বাবদ ৭ (সাত) লক্ষ টাকার মধ্যে প্রথম কিস্তির ৩.৫০ (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা জেলা পরিষদের নিজস্ব তহবিলে জমা দিতে হবে। অন্যথায় উক্ত আবেদনকারীর আবেদন সহ লটারীতে প্রাপ্ত স্টল বাতিল বলে গন্য হবে। দ্বিতীয় কিস্তিতে অবশিষ্ট ৩.৫০ (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা স্টলের চাবি হস্তান্তরের দিনে বা তার পূর্বে জেলা পরিষদে জমা দিতে হবে। যদি কোন লটারীতে স্টল প্রাপ্তির পর সেলামীর প্রথম কিস্তির অর্থ সম্পূর্ণরূপে জমা দিয়েছেন অথচ জেলা পরিষদ থেকে প্রদেয় সময়সীমার মধ্যে দ্বিতীয় কিস্তির অর্থ সম্পূর্ণভাবে জমা দিতে পারেননি, সেক্ষেত্রে তার ইজারা বাতিল বলে গন্য হবে। এক্ষেত্রে প্রথম কিস্তির জমা দেওয়া অর্থের অর্ধেক অংশ বাজেয়াপ্ত করা হবে। যিনি উভয় কিস্তির সম্পূর্ণ অর্থ জমা দিয়ে ইজারা গ্রহন করবেন, তিনি উক্ত সেলামী অর্থের সম্পূর্ণ বা আংশিক অর্থ কোনরূপে ফেরৎ পাবেন না।
৬. যেদিন থেকে স্টলের চাবি সহ অনুমতি পত্র পাবেন, সেই দিন থেকে স্টলের ইজারার মেয়াদ শুরু হবে এবং উক্ত অনুমতিপত্র এবং চাবি প্রাপ্তির দিন থেকে ১৫ দিনের মধ্যে ইজারাদার রেজিস্ট্রি চুক্তিপত্র সম্পাদন করে নেবেন। অন্যথায় ইজারা বাতিল বলে গন্য হবে।
৭. প্রত্যেক ইজারাদারকে প্রতিটি স্টলের জন্য বছরে ভোগমাশুল বাবদ ১৮,০০০/- (আঠার হাজার) টাকা নির্দিষ্ট সময়ে জেলা পরিষদের নিজস্ব তহবিলে জমা দিতে হবে। নচেৎ ইজারা বাতিল বলে গন্য হবে।
৮. প্রতিটি স্টলের জন্য প্রয়োজনীয় জল, আলো, ডেকোরেশন ও আসবাবপত্র সংক্রান্ত যাবতীয় খরচাদি ইজারাদারের নিজদায়িত্বে ও নিজ খরচে করতে হবে। এর জন্য জেলা পরিষদ কর্তৃপক্ষ কোন রকম খরচাদি প্রদান করবেন না।
৯. ইজারাদারগন কোন প্রকার বেআইনি বা পরিবেশ দূষনকারী ব্যবসা করতে পারবে না। যদি করেন তা হলে তার ইজারা বাতিল বলে গন্য হবে।

